1 9 OCT 2002



# আকুবর কবিরের ইন্তিকাল

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ মানবাধিকার সংস্থার মহাসচিব এডভোকেট সিগমা হুদার পিতা ও বিশিষ্ট সমাজ সেবক আকবর কবির গত বৃহস্পতিবার রাত সাড়ে ১০টায় বার্ধক্যজনিত কারণে ইন্তিকাল করেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৭ বছর। মরহুম আকবর কবির ১৯১৫ সালের ৫ জানুয়ারী জন্মগ্রহণ করেন। ১৯৩৫ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে তিনি এমএ পাস করেন। মৃত্যুকালে তিনি ৩ ছেলে ও ৩ মেয়েসহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন। গতকাল বাদজুমা মরহুমের নামাজে জানাজা শেষে তার লাশ ফরিদপুরের কমরপুরে পারিবারিক গোরস্থানে দাফন করা হয়েছে। মরহুমের কুলখানি আগামীকাল বাদ আসর ৪৪, পার্ক রোডস্থ (বারিধারা) মরহুমের বড় মেয়ে আলফা আলীর বাসায় অনুষ্ঠিত হবে।